অবিলম্বে প্রকাশের জন্য: 10/22/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন ALCOA পাওয়ার চুক্তি ঘোষণা করলেন যা নর্থ কান্ট্রিতে 500 চাকরি এবং দীর্ঘমেয়াদী বিনিয়োগকে সমর্থন করবে

কম খরচের হাইড্রো পাওয়ারের জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির সাথে সাইন করা চুক্তিতে অ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারারের 30 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল বিনিয়োগের প্রতিশ্রুতি আছে

নিউ ইয়র্ক স্টেট এছাড়াও Alcoa-এর ম্যাসেনা প্ল্যান্টের একটি অংশের প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্গঠন এবং আধুনিক করার জন্য তাদের 6.2 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) এবং একটি শীর্ষ অ্যালুমিনিয়াম উৎপাদনকারী এবং নর্থ কান্ট্রির (North Country) সব থেকে বড় চাকরি দাতাদের একজন, Alcoa-এর মধ্যে একটি নতুন পাওয়ার সাপ্লাই চুক্তি ঘোষণা করেছেন। চুক্তিতে 30 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল বিনিয়োগের প্রতিশ্রুতি আছে এবং এটি আগামী 10 বছর ধরে Alcoa-এর ম্যাসেনা প্ল্যান্টে (Massena Plant) 500 চাকরিকে সমর্থন করবে। এই চুক্তির পাশাপাশি, Alcoa প্ল্যান্টের একটি অংশকে পুনর্গঠন এবং আধুনিক করতে 2028 সাল পর্যন্ত প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। নতুন এনার্জি চুক্তি এবং সেই সাথে একটি 5.2 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল অনুদান এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) থেকে পাওয়া 1 মিলিয়ন মার্কিন ডলারের Excelsior Jobs প্রোগ্রামের ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে এই বিনিয়োগটি সম্ভব হচ্ছে। এই উন্নয়নটি প্রক্রিয়ার স্থিতিশীলতা এবং অপারেশনের কাজের দক্ষতাকে সক্রিয় করবে।

"ভালো বেতনের চাকরি নিশ্চিত করে এবং বিনিয়োগ সম্ভব করে, এই চুক্তিটি নিশ্চিত করবে যাতে Alcoa ম্যাসেনাতে বড় উপস্থিতি চালিয়ে যেতে পারে এবং একই সাথে নিউ ইয়র্কের (New York) পরিবার ও কমিউনিটিকে সমর্থন করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি দেশের অর্থনৈতিক বিকাশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এবং নিউ ইয়র্কের Alcoa ফ্যাসিলিটি এই ব্যাপারে সামনের সারিতে ছিল, তারা অর্থনৈতিক বিকাশক এবং নর্থ কান্ট্রিতে সুযোগকে চালনা করেছে।"

Alcoa এবং পাওয়ার অথোরিটির চুক্তি সাইন করার ব্যাপারে আজকের ঘোষণাটি এসেছে পাওয়ার অথোরিটির ট্রাস্টি বোর্ড (Board of Trustees) এবং গভর্নর Hochul (হোকল) চূড়ান্ত

চুক্তির শর্তের অনুমোদন দেওয়ার পর। চুক্তিতে তাদের Preservation Power প্রোগ্রামের মাধ্যমে Alcoa-কে তাদের সেন্ট লরেন্স কাউন্টির (St. Lawrence County) ম্যাসেনা প্ল্যান্টের জন্য 240 মেগাওয়াট (megawatt, MW) পাওয়ার বরাদ্দ দেওয়া হয়েছে। এই পাওয়ার বরাদ্দ দেওয়াটি 31 মার্চ, 2036 পর্যন্ত Alcoa-এর অপারেশনকে সমর্থন করবে, এবং আরো দুইটি পাঁচ বছরের এক্সটেনশনের সুযোগ থাকবে, যা কমপক্ষে 500 ফুল-টাইম সমতুল্য চাকরি ধরে রাখা এবং ক্যাপিটাল বিনিয়োগ বাড়ানোর উপর নির্ভর করবে। Alcoa এছাড়াও দশ বছর মেয়াদে প্ল্যান্টের অপারেশনে কমপক্ষে 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে রাজি হয়েছে। বাজারের পরিস্থিতি অনুমতি দিতে, Alcoa হয়তো আরো দশ বছরের জন্য চুক্তি বাড়াবে, যার ফলে 20 বছরের একই সময়কালে মোট 145 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগ সম্ভব হবে।

Alcoa চুক্তির মুখ্য বিস্তারিত:

- **পাওয়ার বরাদ্দের পরিমাণ:** 31 মার্চ, 2036 পর্যন্ত কম খরচে 240 MW NYPA হাইড্রো পাওয়ার দেওয়া হবে।
- **চাকরির প্রতিশ্রুতি:** Alcoa ম্যাসেনা ওয়েস্ট প্ল্যান্টে (Massena West Plant) কমপক্ষে 500 ফুল-টাইম সমতুল্য চাকরি ধরে রাখবে, *যা আগের 450 চাকরির প্রতিশ্রুতি থেকে বেশি*।
- **ক্যাপিটাল বিনিয়োগ:** চুক্তির অধীনে, Alcoa ফ্যাসিলিটিতে বছরে কমপক্ষে 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, এবং প্রাথমিক 10 বছরের মেয়াদে কমপক্ষে মোট 30 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে। এছাড়াও, Alcoa-এর কাছে দুইটি বাড়তি পাঁচ বছরের মেয়াদে চুক্তি বাড়ানোর সুযোগ থাকবে যদি তারা 2035 সালের মধ্যে 70 মিলিয়ন মার্কিন ডলার এবং 2040 সালের মধ্যে আরো 60 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে।
- **প্ল্যান্ট আধুনিক করা:** চুক্তির পাশাপাশি, Alcoa ম্যাসেনা অপারেশনের অ্যালুমিনিয়াম স্মেল্টিং প্রক্রিয়ার একটি মুখ্য অংশ, অ্যানোড বেক ফার্নেস পুনর্গঠন ও আধুনিক করতে 2028 সাল পর্যন্ত প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির চেয়ারম্যান John R. Koelmel (জন আর কোয়েলমেল) বলেন, "নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি যে Alcoa-এর সাথে আমাদের পার্টনারশিপ আবার নতুন করে করেছে তা হলো পুরো নিউ ইয়র্কে অর্থনৈতিক বিকাশ নিয়ে আসার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতির প্রমাণ। কম খরচে হাইড্রো পাওয়ার দেওয়ার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে Alcoa প্রতিযোগিতায় টিকে থাকতে পারে যাতে করে তারা তাদের অপারেশন চালিয়ে যেতে পারে, নিজেদের ফ্যাসিলিটিতে বিনিয়োগ করতে পারে, এবং নর্থ কান্ট্রিতে পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি ধরে রাখতে পারে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "Alcoa 120 বছরের বেশি সময় ধরে নর্থ কান্ট্রির অর্থনীতির একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হয়ে আছে। গভর্নর Hochul-এর (হোকল) সমর্থন পেয়ে পাওয়ার অথোরিটির সব থেকে পুরনো কাস্টোমারদের এক জনের সাথে নতুন এই চুক্তিটি অতি প্রয়োজনীয় চাকরি এবং অঞ্চলে উল্লেখযোগ্য ক্যাপিটাল বিনিয়োগ নিশ্চিত করবে। Alcoa-এর সাথে আমাদের

পার্টনারশিপ চালিয়ে যেতে পেরে এবং কমিউনিটিতে তাদের বিকাশ ও বিনিয়োগকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

Alcoa-এর প্রেসিডেন্ট এবং CEO William F. Oplinger উইলিয়াম এফ অপলিঙ্গার) বলেন, "নিউ ইয়র্কে এবং ইউনাইটেড স্টেটসের (United States) অ্যালুমিনিয়াম বানাতে পেরে আমরা গর্বিত। দীর্ঘমেয়াদে, প্রতিযোগিতামূলক দামে এনার্জি Alcoa-কে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ অগ্রসর করতে দেয় যা আমাদেরকে আজকের চাহিদা পূরণ করতে এবং একই সাথে আগামী দিনের জন্য পরিকল্পনা করতে দিবে। আমাদের ম্যাসেনা অপারেশনের এই ফলাফল অর্জন করতে NYPA এবং ESD-এর সাথে কাজ করতে পেরে আমরা অনেক খুশি, এটি অঞ্চলের জন্য অর্থনৈতিক লাভ নিয়ে আসবে এবং আমেরিকান ম্যানুফ্যাকচারিংকে টিকিয়ে রাখবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "ম্যাসেনাতে তাদের 100 বছরের বেশি সময়ের ইতিহাস নিয়ে, Alcoa এবং নর্থ কান্ট্রিতে তাদের কর্মচারীরা এমন টেকনোলজি ও প্রক্রিয়া বানিয়েছে যা আধুনিক বিশ্বকে আকৃতি দিয়েছে। গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের কারণে, Alcoa ফ্ল্যাগশিপ ইন্ডাস্ট্রিগুলির জন্য উচ্চমানের অ্যালুমিনিয়াম উৎপাদন করতে থাকবে, যা আঞ্চলিক বিকাশকে সমর্থন করবে এবং নতুন আবিষ্কার সম্ভব করবে।"

ম্যাসেনা (Massena) ভিলেজের মেয়র Greg Paquin (গ্রেগ প্যাকুইন) বলেন, "নতুন এই চুক্তির অনুমোদন ধারাবাহিক বিকাশ, চাকরি তৈরি, এবং Alcoa-এর ম্যাসেনা অপারেশনে বিনিয়োগ নিশ্চিত করে। গভর্নর Hochul-এর (হোকল) অনুমোদন Alcoa এবং NYPA-এর মধ্যে সেন্ট লরেন্স কাউন্টির পার্টনারশিপের স্থায়ী শক্তিকে তুলে ধরে।"

ম্যাসেনা টাউনের সুপারভাইজার Susan Bellor (সুসান বেলোর) বলেন, "আজকে গভর্নর Hochul-এর (হোকল) অনুমোদিত নতুন Alcoa চুক্তিটি সেন্ট লরেন্স কাউন্টি এবং নর্থ কান্ট্রির জন্য একটি স্বাগত খবর। অ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারিং অনেক জেনারেশন ধরে এই অঞ্চলের অর্থনৈতিক ভিত্তি হয়ে আছে, এবং নতুন এই চুক্তিটি আগামী আরো অনেক বছরের জন্য ধারাবাহিক অর্থনৈতিক স্থিতিশীলতার প্রতীক।"

সেন্ট লরেন্স কাউন্টি আইনসভার (Legislature) চেয়ার David Forsythe (ডেভিড ফরসাইথ) বলেন, "এই চুক্তিটি হলো Alcoa এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির মধ্যে একটি অতি প্রয়োজনীয় পার্টনারশিপের চিহ্ন। এমন পার্টনারশিপ যা 500 ভালো বেতনের চাকরি নিশ্চিত করে, আমাদের অঞ্চলে ধারাবাহিক বিনিয়োগ নিয়ে আসে, এবং নিশ্চিত করে যাতে আমাদের কমিউনিটি আমাদের স্থানীয় হাইড্রো ইলেকট্রিক উৎসের দায়িত্বশীল ব্যবহার থেকে লাভবান হয়।"

এই চুক্তির বিধান 2019 সালে NYPA-এর অনুমোদিত একটি সাত বছরের চুক্তির ভিত্তিতে হয়েছে। 2019 সালের এই চুক্তিটি ম্যাসেনাতে অ্যালুমিনিয়াম কোম্পানির স্মেল্টিং প্ল্যান্টে 450 চাকরি ধরে রাখার জন্য Alcoa-এর প্রতিশ্রুতির বদলে কম খরচে 240 MW St. Lawrence-FDR হাইড্রো পাওয়ার দিয়েছে।

Alcoa-এর মতো কোম্পানি অনেক ইন্ডাস্ট্রির জন্য ম্যাটেরিয়াল সাপ্লাই করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ, যার মধ্যে অটোমোটিভ, অ্যারোস্পেস, এবং নির্মাণ আছে। এই খাতের অবেদন জাতীয় বিকাশ এবং নতুন আবিষ্কারের জন্য অতি প্রয়োজনীয় হয়ে আছে। Alcoa হলো 1958 সালে প্ল্যান্টটি প্রথম কাজ শুরু করার সময় পাওয়ার অথোরিটির St. Lawrence-FDR Power প্রজেক্ট থেকে পাওয়ার পাওয়া প্রথম গ্রাহকদের একজন। চুক্তি সাইন করা হলো নর্থ কান্ট্রিতে অর্থনৈতিক বিকাশ সম্ভব করা এবং চাকরি ধরে রাখতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির আরেকটি উল্লেখযোগ্য মাইলফলক। NYPA-এর Preservation Power প্রোগ্রাম সেন্ট লরেন্স, ফ্র্যাঙ্কলিন (Franklin) এবং জেফারসন (Jefferson) কাউন্টির ব্যবসাগুলিকে সমর্থন করতে St. Lawrence-FDR Power প্রজেক্টের কম খরচের হাইড্রো ইলেকট্রিক পাওয়ার ব্যবহার করে। Alcoa 1955 সালের জুলাই মাসে, পাওয়ার অথোরিটির প্রথম জেনারেটিং প্ল্যান্ট, St. Lawrence-FDR প্রজেক্ট ইলেক্ট্রিসিটি উৎপাদন শুরু করার তিন বছর আগে NYPA-এর সাথে তাদের মূল চুক্তিটি সাইন করে।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন